# একাদশ অধ্যায়: ব্যবসায়ে নৈতিকতা ও সামাজিক দায়বদ্ধতা

## পরীক্ষায় কমন পেতে আরও প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ▶১** মনির ও সামসুল দুজনে ব্যবসায়ী। মনির সীমিত মুনাফা ও মানসম্মত সেবা– এ দুই নীতির আলোকে ব্যবসায় করেন। অন্যদিকে সামসুল ধনী হওয়ার আশায় নিম্নমানের পণ্য দিয়ে ক্রেতাদের ঠকান। ◀ *শিখনফল-১*

ক. মূল্যবোধ অর্থ কী? ১
খ. ব্যবসায় সামাজিক দায়বদ্ধতার প্রয়োজন কেন? ব্যাখ্যা করো। ২
গ. মনির ব্যবসায়ের কোন নীতি অনুসরণ করেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. সামসুলের নীতি কী ব্যবসায়বান্ধব? বিশ্লেষণ করো। ৪

### ১ নং প্রশ্নের উত্তর

**ক** যে জ্ঞানবোধ ও আচরণ সমাজ মূল্যবান ও অনুকরণীয় মনে করে, তাকে মূল্যবোধ বলে।

**খ** সমাজ ও সমাজ সংশ্লিষ্ট পক্ষসমূহের প্রতি ব্যবসায়ের কর্তব্য পালনের দায়ই হলো ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা।

উৎপাদক, সরবরাহকারী, ক্রেতা, ভোক্তা, সরকার, স্বগোত্রীয় ব্যবসায়ী প্রভৃতি উপাদানের সমষ্টিই হলো সমাজ। ব্যবসায়কে সমাজের এসব পক্ষের প্রতি দায়িত্ব পালন করতে হয়। সমাজের প্রতি দায়িত্ব পালনের মাধ্যমেই ব্যবসায়ী সফল হতে পারেন। সমাজের মানুষের সাহায্য ছাড়া ব্যবসায়ে সফল হওয়া কঠিন। তাই ব্যবসায়ে সামাজিক দায়বদ্ধতার প্রয়োজন আছে।

**গ** মনির ব্যবসায়ের নৈতিকতার নীতি অনুসরণ করেন।
ব্যবসায়ের ক্ষেত্রে নৈতিকতা মেনে চলা গুরুত্বপূর্ণ। এটি ব্যবসায়কে সঠিকভাবে এগিয়ে নেওয়ার ক্ষেত্রে দিক-নির্দেশনা হিসেবে কাজ করে। ব্যবসায়ে কৃত্রিম সংকট সৃষ্টি, বেশি দামে পণ্য বিক্রি প্রভৃতি ব্যবসায় নৈতিকতার বিপরীত কাজ।
উদ্দীপকের মনির ও সামসুল দু'জনেই ব্যবসায়ী। মনির সীমিত মুনাফা করে ব্যবসায় করে। কারণ বেশি মুনাফা নিলে পণ্যের দাম বেড়ে যায়। এতে ক্রেতাকে বেশি দামে পণ্য কিনতে হয়। আবার, তিনি মানসম্মত সেবাও দেন। এতে ক্রেতারা প্রতারিত হয় না। বরং সেবা পেয়ে উপকৃত হয়। ক্রেতাকে অল্প দামে পণ্য এবং মানসম্মত সেবা দেওয়া ব্যবসায় নৈতিকতার অন্তর্ভুক্ত। সুতরাং, জনাব মনির ব্যবসায়ের নৈতিকতার নীতি অনুসরণ করেন।

**ঘ** ব্যবসায়ের নৈতিকতা পালন না করায় উদ্দীপকের সামসুলের নীতি ব্যবসায়বান্ধব নয়।
ওজনে কম দেওয়া, নিম্নমানের পণ্য সরবরাহ, দাম বেশি নেওয়া প্রভৃতি ব্যবসায়ের অনৈতিক কাজ। এতে ব্যবসায়ে সাময়িক বেশি লাভ হলেও ভবিষ্যতে ব্যবসায়ে টিকে থাকা কঠিন হয়ে পড়ে। কারণ ক্রেতারা প্রতারিত হয়ে পণ্য বা সেবা কেনা বন্ধ করে দেয়। ফলে ব্যবসায়ের লোকসান হয়।
উদ্দীপকের মনির ও সামসুল দু'জনই ব্যবসায়ী। মনির নৈতিকতা মেনে চললেও সামসুল অনৈতিক কাজ করেন। তিনি নিম্নমানের পণ্য সরবরাহ করে ক্রেতাদের ঠকান।
ব্যবসায় সৎভাবে করা প্রয়োজন। এক্ষেত্রে ক্রেতা ও ভোক্তাদের বিষয়কে সর্বোচ্চ গুরুত্ব দিতে হয়। কারণ, ক্রেতা ও ভোক্তারা ব্যবসায়ের প্রাণ। তারা পণ্য বা সেবা না নিলে ব্যবসায়ীর পক্ষে টিকে থাকা কঠিন হয়ে যায়। কিন্তু সামসুল নৈতিকতা মেনে চলেননি। তিনি বেশি মুনাফার আশায় ক্রেতাদের ঠকিয়েছেন। এতে ক্রেতারা তার পণ্য কেনা থেকে বিরত থাকবে। ফলে ব্যবসায়ের বিক্রি কমে যাবে। অতএব, সামসুলের নীতি ব্যবসায়বান্ধব নয়।

**প্রশ্ন ▶২** জনাব ইসমাইল একজন পেঁয়াজ আমদানিকারক। গত রমজানের এক মাস আগে ৬০ মেট্রিক টন পেঁয়াজ আমদানি করলেও যথাসময়ে বাজারে তা সরবরাহ করেননি। রমজানে বাজারের পেঁয়াজের মূল্য বেড়ে যায় বলে জনাব ইসমাইল প্রচুর মুনাফা অর্জন করেন। ◀ *শিখনফল-২*

ক. কর্মসংস্থান সৃষ্টি ব্যবসায়ের কোন ধরনের দায়িত্ব? ১
খ. ব্যবসায়কে সামাজিক প্রতিষ্ঠান বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে জনাব ইসমাইল কোন পক্ষের প্রতি ব্যবসায়ের দায়িত্ব পালনে অবজ্ঞা করছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. নৈতিকতার মানদণ্ডে জনাব ইসমাইলের সামাজিক কাজ মূল্যায়ন করো। ৪

### ২ নং প্রশ্নের উত্তর

**ক** কর্মসংস্থান সৃষ্টি ব্যবসায়ের সামাজিক দায়িত্ব।

**খ** ব্যবসায়ের যাবতীয় কাজ সমাজকে ঘিরেই হয়ে থাকে বলে একে সামাজিক প্রতিষ্ঠান বলা হয়।
সমাজে বসবাসকারী জনগণের চাহিদা, রুচি, চেতনা প্রভৃতি বিবেচনায় রেখে ব্যবসায় পরিচালিত হয়। এছাড়া ব্যবসায় অনেক সময় সমাজের মানুষদের জন্য কল্যাণমূলক কাজও করে থাকে। এ কারণে ব্যবসায়কে সামাজিক প্রতিষ্ঠান বলা হয়।

**গ** জনাব ইসমাইল সমাজের প্রতি ব্যবসায়ের দায়িত্ব পালনে অবজ্ঞা করছে।
সমাজ থেকে বিভিন্ন সুযোগ-সুবিধা নিয়েই ব্যবসায়ের উন্নতি ও সমৃদ্ধি হয়। তাই ব্যবসায়েরও সমাজের প্রতি কিছু দায়িত্ব পালন করতে হয়।
উদ্দীপকের জনাব ইসমাইল একজন পেঁয়াজ আমদানিকারক। তিনি গত রমজানের আগে ৬০ মেট্রিক টন পেঁয়াজ আমদানি করলেও সময়মতো সেগুলো বাজারে সরবরাহ করেননি। রমজানে পেঁয়াজের মূল্য বেড়ে যাওয়ায় তিনি তখন বাজারে পেঁয়াজ সরবরাহ করেন। এ কাজের মাধ্যমে তিনি পণ্যের মজুত করেছেন। এতে ভোক্তাদের বেশি মূল্যে পেঁয়াজ কিনতে হয়েছে। ফলে তারা ভোগান্তিতে পড়েছে। এভাবে তিনি সমাজের মানুষের ক্ষতি করছেন। তাই বলা যায়, জনাব ইসমাইল মজুতদারির মাধ্যমেই সমাজের প্রতি ব্যবসায়ের দায়িত্ব পালনে অবজ্ঞা করেছেন।

**ঘ** জনাব ইসমাইলের কাজটি ব্যবসায়িক মূল্যবোধ ও নৈতিকতার বিপরীত বলে আমি মনে করি।
অতিরিক্ত মুনাফা অর্জনের আশায় মজুতদারি, নকল পণ্য তৈরি, ভেজাল মেশানো প্রভৃতি হলো একজন ব্যবসায়ীর অনৈতিক কাজ। এ কাজগুলো সমাজের মানুষের ওপর নেতিবাচক প্রভাব ফেলে।
উদ্দীপকের জনাব ইসমাইল একজন পেঁয়াজ আমদানিকারক। তিনি রমজানের আগে ৬০ মেট্রিক টন পিঁয়াজ আমদানি করে মজুত করেন। রমজানে দাম বাড়লে সেগুলো বাজারে ছেড়ে বেশি মুনাফা অর্জন করেন।

জনাব ইসমাইলের কাজটি সমাজের প্রতি নেতিবাচক প্রতিক্রিয়া সৃষ্টি করে। কারণ মজুতের কারণে ক্রেতা-ভোক্তাদেরকে বেশি দামে পেঁয়াজ কিনতে হচ্ছে। এতে তাদের খরচ বেড়ে যাচ্ছে। ফলে তাদের জীবনযাপন কঠিন হয়ে পড়ে। এর মাধ্যমে তিনি ক্রেতা-ভোক্তাদের ক্ষতি করছেন। এভাবে তিনি ব্যক্তিগতভাবে লাভবান হলেও মানুষের জীবন কঠিন করে তুলেছেন। অতএব, জনাব ইসমাইলের কাজটি ব্যবসায়িক মূল্যবোধ ও নৈতিকতা মেনে করা হয়নি।

**প্রশ্ন ▶৩** আলম তার সততার সাথে ব্যবসায় করে সীমিত মুনাফা অর্জন করেন। অপরদিকে তার বন্ধু মালেক চাকচিক্যের আড়ালে ভেজাল ও নিম্নমানের পণ্য বিক্রি করে প্রচুর মুনাফা অর্জন করেন। বাহ্যিক চাকচিক্যের কারণে মালেকের দোকানে ক্রেতারা ভিড় করে। আলম মালেকের চেয়ে কম অর্থ উপার্জন করলেও মানসিকভাবে অনেক সুখী।

◀ *শিখনফল-৪*

ক. মূল্যবোধ কী? ১

খ. মানব আচরণের মানদণ্ডটি ব্যাখ্যা করো। ২

গ. আলমের মানসিক প্রশান্তির কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. মালেক বর্তমানে প্রচুর মুনাফা অর্জন করলেও ভবিষ্যতে ব্যবসায় টিকে থাকবে কী? তোমার মতামত দাও। ৪

### ৩ নং প্রশ্নের উত্তর

**ক** যে জ্ঞানবোধ ও আচরণ সমাজ মূল্যবান ও অনুকরণীয় মনে করে, তাকে মূল্যবোধ বলে।

**খ** নৈতিকতাকে মানব আচরণের মানদন্ড বলা হয়।

নৈতিকতা শব্দটি গ্রিক শব্দ ইথস (Ethos) শব্দ থেকে উদ্ভব হয়েছে। এর অর্থ হলো মানব আচরনের মানদন্ড। নৈতিকতা বলতে মানুষের ভালো মন্দের বিচার-বিশ্লেষণ করে ভালোকে নেওয়া এবং মন্দকে এড়িয়ে চলাকে বোঝায়। ব্যবসায় নীতি বা আদর্শ মেনে ব্যবসায় পরিচালনা করা অপরিহার্য। সঠিক মাপে পণ্য দেওয়া, ন্যায্যমূল্যে পণ্য বিক্রি করা, ক্রেতাদের সাথে উত্তম আচরণ করা প্রভৃতি নৈতিকতার আওতায় পড়ে।

**গ** আলমের মানসিক প্রশান্তির কারণ হলো ব্যবসায় ক্ষেত্রে নৈতিকতা মেনে চলা।

নৈতিকতা একজন ব্যবসায়ীকে ব্যবসায় ক্ষেত্রে ভালো-মন্দ বিচার বিশ্লেষণ করার ক্ষমতা দিয়ে থাকে। এর মাধ্যমে ব্যবসায়ী ভালোকে গ্রহণ ও মন্দকে এড়িয়ে চলে। এটিই ব্যবসায়ীকে সঠিক পথে পরিচালিত করে থাকে। ব্যবসায় ক্ষেত্রে সততা বজায় রাখা, ক্ষতিকর পণ্য উৎপাদন না করা, ভোক্তাদের সাথে প্রতারণা না করা প্রভৃতি জিনিস মেনে চলাই হলো নৈতিকতা।

উদ্দীপকের আলম সততার সাথে ব্যবসায় করে সীমিত মুনাফা অর্জন করেন। অপরদিকে দেখা যায়, তার বন্ধু মালেক চাকচিক্যের আড়ালে ভেজাল ও নিম্নমানের পণ্য বিক্রি করেন। এর মাধ্যমে তিনি ভোক্তাদের সাথে প্রতারণা করছেন। অপরদিকে আলম সাহেব ব্যবসায়ের সব নীতি নৈতিকতা মেনে ব্যবসায় করছেন। কম মুনাফা হলেও আলম জানেন তার ব্যবসায়ের সুনামহানি হবে না। এই নৈতিকতা মেনে ব্যবসায় করায় আলমের মানসিক প্রশান্তি এসেছে।

**ঘ** মালেক বর্তমানে প্রচুর মুনাফা করলেও ভবিষ্যতে তার ব্যবসায়টি টিকে থাকবে না।

ব্যবসায়ের ক্ষেত্রে অসৎ উপায় অবলম্বন করলে স্বল্প সময়ে মুনাফা অর্জন করলেও দীর্ঘদিন টিকে থাকা যাবে না। কারণ, অনৈতিকতার কারণে ক্রেতা-ভোক্তা একসময় মুখ ফিরিয়ে নেবে। এতে ব্যবসায়ে একসময় নেতিবাচক প্রভাব পড়বে।

মালেক তার ব্যবসায়ে বাহ্যিক চাকচিক্য করে ক্রেতাদের আকৃষ্ট করেন। এতে তার দোকানে ক্রেতার ভিড় বেশি থাকে। ফলে তার উপার্জনও বর্তমানে অনেক বেশি।

কিন্তু মালেক বাহ্যিক চাকচিক্যতার আড়ালে ভেজাল পণ্য দিচ্ছেন ভোক্তাদের মাঝে। এতে ভোক্তারা ঠকছেন এবং তারা একসময় স্বাস্থ্য ঝুঁকিতে পড়বেন। তার এ কাজগুলো সমাজের জন্য ক্ষতিকর। ভোক্তারা একসময় এই খারাপ কাজগুলো সম্পর্কে জানতে পারবে। তখন তাদের মাঝে জনাব মালেক ও তার ব্যবসায় সম্পর্কে খারাপ ধারণা সৃষ্টি হবে। ফলে তারা আর তার দোকান থেকে পণ্য কিনবে না। এভাবে ধীরে ধীরে তার ব্যবসায়ে ক্ষতি হতে থাকবে। তাই আমি মনে করি, বর্তমানে ভালো মুনাফা করলেও ভবিষ্যতে মালেকের ব্যবসায়টি টিকে থাকতে পারবে না।

**প্রশ্ন ▶৪** জনাব রহমানের রূপগঞ্জ বাজারে একটি চালের আড়ত আছে। তিনি ন্যায্যমূল্যে ও সঠিক ওজনে ভালোমানের চাল বিক্রি করেন। পক্ষান্তরে জনাব আতিক রূপগঞ্জ বাজারের অন্য একজন ব্যবসায়ী। তিনি বেশি লাভের আশায় চালের সাথে সাদা পাথরের কণা মিশিয়ে ক্রেতাদের কাছে চাল বিক্রি করেন। কয়েকদিন ব্যবসায়টি ভালো চললেও পরবর্তীতে তার বিক্রির পরিমাণ কমতে থাকে। ◀ *শিখনফল-২*

ক. মাইডাস কী? ১

খ. সংরক্ষণমূলক সহায়তা কেন প্রয়োজন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে বর্ণিত জনাব রহমান সমাজের কোন পক্ষের প্রতি দায়িত্ব পালন করেছেন? বর্ণনা করো। ৩

ঘ. নৈতিকতার মানদণ্ডে জনাব আতিকের কাজটি মূল্যায়ন করো। ৪

### ৪ নং প্রশ্নের উত্তর

**ক** মাইডাস হলো ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের আর্থিক, কারিগরি, ও ব্যবস্থাপনা জাতীয় সহায়তা দেয় এমন একটি বেসরকারি সংস্থা।

*সহায়ক তথ্য*

MIDAS (মাইডাস)-এর পূর্ণরূপ হলো- Micro Industries Development Assistance Serviecs.

**খ** ব্যবসায় কাজ পরিচালনা ও সম্প্রসারণের পথে বাধাগুলো দূর করতে যে সহায়তা প্রয়োজন, তাই সংরক্ষণমূলক সহায়তা।

শিল্প প্রতিষ্ঠান স্থাপনের পর ব্যবসায়ের আধুনিকীকরণ, পণ্যমান নিয়ন্ত্রণ ও অর্থসংক্রান্ত প্রভৃতি সমস্যা দেখা দেয়। সংরক্ষণমূলক সহায়তা এসব সমস্যা দূর করে প্রতিষ্ঠানের উন্নয়নে ও বাজারে টিকে থাকতে সহায়তা করে। তাই ব্যবসায়ে সংরক্ষণমূলক সহায়তা প্রয়োজন।

**গ** জনাব রহমান সমাজের ক্রেতা ও ভোক্তাদের প্রতি সামাজিক দায়িত্ব পালন করছেন।

ক্রেতা ও ভোক্তারা হলো ব্যবসায়ের প্রাণ। তাদের আস্থা ও সহযোগিতার ওপর ব্যবসায়ের সফলতা অনেকাংশে নির্ভর করে। ন্যায্যমূল্যে ও মানসম্মত পণ্য সরবরাহ করা হলো ক্রেতা ও ভোক্তাদের প্রতি ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা।

উদ্দীপকের জনাব রহমানের রূপগঞ্জ বাজারে একটি চালের আড়ত আছে। তিনি ক্রেতা ও ভোক্তাদের কাছে ন্যায্যমূল্যে ও সঠিক ওজনে মানসম্মত চাল বিক্রি করেন। তিনি অন্যান্য বিক্রেতাদের মতো চালের সাথে সাদা পাথরের কণা মেশান না। জনগণের কল্যাণের কথা চিন্তা করেই তিনি এ কাজগুলো করেন। কারণ তিনি মনে করেন, ক্রেতা ও ভোক্তাদের প্রতি তার কিছু দায়িত্ব আছে। এ কাজগুলো জনাব রহমানকে সহজে ক্রেতা ও ভোক্তাদের আস্থা অর্জনে সহায়তা করে। এভাবে জনাব রহমান ক্রেতা ও ভোক্তাদের প্রতি সামাজিক দায়িত্ব পালন করেন।

**ঘ** জনাব আতিকের কাজটি ব্যবসায়িক মূল্যবোধ ও নৈতিকতার বিপরীত।
অতিরিক্ত মুনাফা লাভের আশায় নকল পণ্য উৎপাদন করা, পণ্যের গুণগত মান নষ্ট করা, পণ্যের সাথে ভেজাল মেশানো প্রভৃতি হলো একজন ব্যবসায়ীর অনৈতিক কাজ। এগুলো সমাজের মানুষের ওপর নেতিবাচক প্রভাব ফেলে।
উদ্দীপকের জনাব আতিক রূপগঞ্জের বাজারের একজন চাল ব্যবসায়ী। তিনি বেশি লাভের আশায় চালের সাথে সাদা পাথরের কণা মিশিয়ে ক্রেতাদের কাছে তা বিক্রি করেন। ফলে তার ব্যবসায়টি সাময়িকভাবে ভালো চললেও পরবর্তীতে বিক্রির পরিমাণ কমতে থাকে।
জনাব আতিকের অনৈতিক কাজটির মাধ্যমে সমাজের মানুষের ক্ষতি হবে। তার চাল খেয়ে মানুষের স্বাস্থ্যের ক্ষতি হতে পারে। এছাড়া সাদা পাথর মেশালে চালের ওজন বেড়ে যায়। এভাবে জনাব রহিম ক্রেতাকে ওজনে কম পণ্য দিয়ে ঠকাচ্ছে। এতে ক্রেতারা আর্থিকভাবেও ক্ষতিগ্রস্ত হচ্ছে। এভাবে, জনাব আতিকের অনৈতিক কাজটি সমাজে ক্ষতিকর প্রভাব ফেলে।

## প্রশ্নব্যাংক

**প্রশ্ন ▶ ৫** জনাব মামুন একজন সবজি বিক্রেতা। মাঝে মাঝেই তার সবজির কিছু অংশ অবিক্রীত থেকে যায়। তাই বেশি মুনাফার জন্য তিনি পচনরোধক ব্যবহার করেন। অপরদিকে জনাব রাশেদ স্বল্প লাভে সতেজ সবজি বিক্রি করেন। দিন শেষে তার কোনো সবজি অবিক্রীত থাকে না। জনাব রাশেদ তাই এলাকায় সুনাম অর্জন করেন একজন সৎ ব্যবসায়ী হিসেবে। রাশেদের ব্যবসায়ে প্রতিদিন বিক্রি ও ক্রেতার পরিমাণ বাড়ছে। এতে তিনি তার ব্যবসায় নিয়ে আত্মতৃপ্তি পান। ◀ *শিখনফল-১ ও ২*

ক. কোন শব্দ থেকে নৈতিকতা শব্দের উদ্ভব হয়েছে? ১
খ. সরকারকে নিয়মিত কর দেওয়া কোন ধরনের দায়বদ্ধতা? ব্যাখ্যা করো। ২
গ. জনাব রাশেদের আত্মতৃপ্তির কারণ কী? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব মামুন কোন ধরনের দায়বদ্ধতা এড়িয়ে গেছেন? তার এ ধরনের কাজের জন্য তুমি তাকে কী পরামর্শ দেবে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

### ৫ নং প্রশ্নের উত্তর

**ক** নৈতিকতা শব্দটি ইথস (Ethos) শব্দ থেকে উদ্ভব হয়েছে।

**খ** সরকাকে নিয়মিত কর দেওয়া ব্যবসায়ীর রাষ্ট্রের প্রতি দায়বদ্ধতা।
জনগণের স্বার্থ রক্ষা করে ব্যবসায় পরিচালনা করাই রাষ্ট্রের লক্ষ্য। রাষ্ট্র জনগণ ও ব্যবসায়ের কর থেকেই উন্নয়ন ও সেবামূলক কাজ করে থাকে। এক্ষেত্রে ব্যবসায় প্রতিষ্ঠান থেকেই কর আদায় করে। তাই সরকারকে নিয়মিত কর দেওয়া হলো রাষ্ট্রের প্রতি দায়বদ্ধতা।

*সুপার টিপস: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** ব্যবসায় নৈতিকতার বৈশিষ্ট্য ব্যাখ্যা করো।

**ঘ** সমাজের প্রতি দায়বদ্ধতা বিশ্লেষণ করো।

**প্রশ্ন ▶ ৬** রিজুর একটি মুরগির খামার আছে। তার খামারে যেসব মুরগি মারা যায় সেগুলো হোটেল ব্যবসায়ী রাকিবের কাছে বিক্রি করে দেন। আর মরা মুরগি যেমন ক্ষতিকর তেমনি এটি খাওয়াও হারাম। রিজু ও রাকিব তারা দু'জনেই ব্যবসায়ের নৈতিকতা অমান্য করছেন এবং মানুষের ক্ষতি করছেন। তাদের উভয়ের জন্য নৈতিকতার প্রয়োজন রয়েছে। ◀ *শিখনফল-১*

ক. ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা কী? ১
খ. পরিবেশ দূষণ রোধ গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা করো। ২
গ. হোটেল ব্যবসায়ী রাকিব কম দামে মরা মুরগির কিনে যে অর্থনৈতিক কাজ করছেন তা ব্যাখ্যা করো। ৩
ঘ. রিজু ও রাকিবের জন্য ব্যবসায়ে নৈতিকতা ও মূল্যবোধের প্রয়োজনীয়তা আলোচনা করো। ৪

### ৬ নং প্রশ্নের উত্তর

**ক** ব্যবসায়ী যখন মুনাফা অর্জনের পাশাপাশি সমাজের কিছু কল্যাণমূলক কাজ করে, তখন তাকে ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা বলে।

**খ** প্রাকৃতিক পরিবেশের স্বাভাবিক ভারসাম্য নষ্ট হওয়াই পরিবেশ দূষণ।
মানুষ পরিবেশের ওপর ভিত্তি করেই বেঁচে থাকে। তাই পরিবেশের ভারসাম্য রক্ষা করা জরুরি। পরিবেশের ক্রমাগত দূষণের ফলে বৈশ্বিক উষ্ণতা বেড়ে যাচ্ছে। এছাড়া দূষণের কারণে মানুষের রোগব্যাধি হওয়ার পরিমাণ বাড়ছে। এ দূষণ রোধের মাধ্যমে আমরা ইতিবাচক পরিবর্তন আনতে পারি। এটি না করতে পারলে মানুষের জীবনধারা হুমকির মুখে পড়বে। সুতরাং, নিজেদের রক্ষায় আমাদের পরিবেশ দূষণ রোধ করতে হবে।

*সুপার টিপস: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** ব্যবসায় নৈতিকতার বৈশিষ্ট্য ব্যাখ্যা করো।

**ঘ** নৈতিকতা ও মূল্যবোধের প্রয়োজনীয়তা আলোচনা করো।

**প্রশ্ন ▶ ৭** জনাব আকাশ এম ট্রেডার্স-এর মালিক। তিনি পণ্য বিতরণের ক্ষেত্রে এর গুণগতমান বজায় রাখেন। এজন্য ক্রেতারাও তার পণ্যের প্রতি আকৃষ্ট হয়। বিক্রয়কর্মীদের উদ্দেশ্যে নৈতিকতা বজায় রাখার জন্য তিনি আদেশ দেন। ফলে কর্মীরা মূল্যবোধ বজায় রেখে কাজ করেন। ◀ *শিখনফল-১*

ক. ব্যবসায় প্রতিষ্ঠানকে কোন দায়বদ্ধতার বিষয়টি মেনে চলতে হয়? ১
খ. মূল্যবোধ ও নৈতিকতা শব্দ দু'টির ধারণা প্রায় অবিচ্ছেদ্য— উক্তিটির ব্যাখ্যা করো। ২
গ. ব্যবসায় এম ট্রেডার্স-এর নৈতিক আচরণ-বিধি অনুসরণ করা একান্ত আবশ্যক কেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. এম ট্রেডার্স প্রতিষ্ঠানটিতে মূল্যবোধের প্রয়োজনীয়তা মূল্যায়ন করো। ৪

### ৭ নং প্রশ্নের উত্তর

**ক** ব্যবসায় প্রতিষ্ঠানকে সামাজিক দায়বদ্ধতার বিষয়টি মেনে চলতে হয়।

**খ** মূল্যবোধ ও নৈতিকতা শব্দ দু'টির ধারণা প্রায় অবিচ্ছেদ্য।
যে জ্ঞানবোধ এবং আচরণ সমাজে মূল্যবান ও অনুকরণীয় মনে করা হয়, তা-ই মূল্যবোধ। এছাড়া নৈতিকতা বোধ মানুষকে ভালো কাজ করতে ও খারাপটি করা থেকে বিরত থাকতে উৎসাহিত করে। এ দু'টি ধারণাই সমাজের কল্যাণে ভূমিকা রাখে। এক্ষেত্রে একটির অনুপস্থিতি অন্যটি পালনে সমস্যা তৈরি করে। তাই মূল্যবোধ ও নৈতিকতা অবিচ্ছেদ্য।

*সুপার টিপস: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** নৈতিকতার গুরুত্ব আলোচনা করো।

**ঘ** মূল্যবোধের প্রয়োজনীয়তা আলোচনা করো।

## নিজেকে যাচাই করি

### সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান-৩০

**১. খাদ্যদ্রব্যে ভেজাল কোন ধরনের কাজ?**
K স্বার্থপর L অমানবিক
M অনৈতিক N অর্থনৈতিক

**২. ফরমালিনযুক্ত মাছ ও ফল বিক্রি করা কোন ধরনের কাজ?**
K অনৈতিক L অযৌক্তিক
M আদর্শহীন N অমানবিক

**৩. কোনটি মানব আচরণের মানদণ্ড?**
K অর্থ L চরিত্র
M আচরণ N ইথস

**উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. সামি গার্মেন্টস ব্যবসায়ী ও বড় রপ্তানিকারক। গার্মেন্টস কারখানার পাশেই শ্রমিকদের জন্য থাকার ব্যবস্থা ও বাচ্চাদের জন্য স্কুল করেছেন। কিন্তু তার এ কাজে কিছু মালিক অসন্তুষ্ট।

**৪. মি. সামি স্কুল করে কাদের প্রতি দায়িত্ব পালন করেছেন?**
K শ্রমিক-কর্মী L সাধারণ সম্প্রদায়
M সরকারের N ক্রেতা ভোক্তার

**৫. মি. সামির কাজে কিছু মালিক অসন্তুষ্ট হওয়ার কারণ—**
i. ব্যবসায়ের সামাজিক দায়িত্ব সম্পর্কে তারা সচেতন নয়
ii. মি. সামি ব্যবসায় খারাপ করবেন ভেবে তারা শঙ্কিত
iii. মি. সামির সামাজিক মর্যাদা বাড়বে বলে তারা অসন্তুষ্ট
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৬. পরিবেশ দূষণ থেকে এলাকাকে রক্ষা করা কোন ধরনের সামাজিক দায়বদ্ধতা?**
K শ্রমিক-কর্মীদের প্রতি দায়বদ্ধতা
L ক্রেতা ও ভোক্তাদের প্রতি দায়বদ্ধতা
M সমাজের প্রতি দায়বদ্ধতা
N রাষ্ট্রের প্রতি দায়বদ্ধতা

**৭. শব্দ দূষণের কারণ হলো—**
i. মেশিনের শব্দ ii. জেনারেটরের শব্দ
iii. বৃষ্টির শব্দ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৮. যে জ্ঞানবোধ ও আচরণকে সমাজ অনুকরণীয় মনে করে তাকে কী বলে?**
K মূল্যবোধ L নৈতিকতা
M সংস্কৃতি N সামাজিক দায়বদ্ধতা

**উদ্দীপকটি পড়ো এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও।**
পহেলা বৈশাখে ইলিশের চাহিদা বাড়ে। তাই মাছ ব্যবসায়ী আমজাদ অতিরিক্ত মুনাফার প্রত্যাশায় কয়েক মাস আগে থেকেই ইলিশ মাছে এক প্রকার রসায়নিক পদার্থ দিয়ে গুদামে সংরক্ষণ করেন।

**৯. মি. আমজাদের কাজটি কোন বিষয়ের সাথে অসংগতিপূর্ণ?**
K গুদামজাতকরণ L মুনাফা অর্জন
M চাহিদা পূরণ N নৈতিকতা

**১০. উদ্দীপকে উল্লিখিত অবস্থা মোকাবিলায় একজন দায়িত্বশীল ব্যবসায়ীর করণীয়—**
i. স্বাস্থ্যসম্মতভাবে সংরক্ষণ
ii. মজুত বাড়ানো
iii. মনোভাবের পরিবর্তন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১১. নৈতিকতার অংশ হিসেবে নিচের কোনটিকে বিবেচনা করা হয়?**
K সত্য কথা বলা
L যথাযথ দায়িত্ব পালন করা
M পরিশ্রম করা
N দান-খয়রাত করা

**১২. 'পণ্যের মজুতদারি না করা' ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতার কোন পক্ষের প্রতি দায়িত্ব পালনের অন্তর্গত?**
K ক্রেতা ও ভোক্তা L শ্রমিক-কর্মচারী
M রাষ্ট্র N সমাজ

**১৩. অনিয়ন্ত্রিত শিল্পায়নের ফলাফল হচ্ছে—**
i. মানুষের স্বাস্থ্যহানি
ii. শিল্পোদ্যোক্তা কমানো
iii. জীববৈচিত্র্যের ধ্বংস
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৪. ব্যবসায় উন্নতি ও সমৃদ্ধির জন্য কোন দায়িত্ব পালন অপরিহার্য?**
K ব্যক্তিগত L সামাজিক
M দলীয় N পারিবারিক

**১৫. ব্যবসায়ে নৈতিকতার প্রয়োজনীয়তা অপরিসীম কেন?**
K সুন্দর ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য
L বেশি মুনাফা অর্জনের জন্য
M জীববৈচিত্র্য কমানোর জন্য
N আর্থিক সমৃদ্ধির জন্য

**১৬. ব্যবসায়ীকে দীর্ঘদিন ব্যবসায়ে টিকে থাকার জন্য প্রয়োজন—**
i. অতিরিক্ত মুনাফা অর্জন
ii. পণ্যের ন্যায্যমূল্য নির্ধারণ
iii. মানসম্মত পণ্য সরবরাহ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৭. শিল্পোন্নয়নের সবচেয়ে বড় সমস্যা কোনটি?**
K বেশি পুঁজি L আইনগত জটিলতা
M পরিবেশ দূষণ N সামাজিক বৈষম্য

**১৮. সততা বজায় রাখাকে কী বলে?**
K ব্যবসায় রীতি L সামাজিক আইন
M ব্যবসায় নৈতিকতা N ব্যবসায়িক শিক্ষা

**উদ্দীপকটি পড়ো এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও।**
চিকিৎসা সরঞ্জাম সরবরাহকারী প্রতিষ্ঠান 'তাহের এন্টারপ্রাইজ'-এর মালিক আবু তাহের শারীরিক প্রতিবন্ধী হয়েও সততা, অধ্যবসায় ও প্রবল ইচ্ছাশক্তির মাধ্যমে নিজেকে প্রতিষ্ঠিত করেছেন। চার লক্ষ টাকা কর দিয়ে প্রতিবন্ধী শ্রেণিতে '২য় শীর্ষ করদাতা-২০১৬'-এর স্বীকৃতি লাভ করেন।

**১৯. জনাব আবু তাহেরের কাজটি ব্যবসায়ের কোন শ্রেণিতে পড়ে?**
K বাণিজ্যিক L শিল্প
M সেবা N প্রত্যক্ষ সেবা

**২০. জনাব আবু তাহের ৪ লাখ টাকা কর দেওয়ার মাধ্যমে—**
i. রাষ্ট্রের প্রতি দায়িত্ব পালন করছেন
ii. জনকল্যাণে অবদান রাখছেন
iii. নৈতিকতার পরিচয় দিয়েছেন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২১. "ইথস (Ethos)" শব্দের অর্থ কী?**
K মানব আচরণের মানদন্ড
L অনুসরণীয় মূল্যবোধ
M অনুকরণীয় জ্ঞানবোধ
N শিক্ষকদের আদেশ নির্দেশ

**২২. মানসম্মত পণ্য ও উন্নত সেবা সরবরাহ করা ব্যবসায়ের কোন ধরনের দায়িত্ব?**
K সামাজিক L নৈতিক
M ব্যবসায়িক N অর্থনৈতিক

**২৩. ব্যবসায়ে নৈতিকতার পরিপন্থী কাজ হলো—**
i. সীমিত লাভে পণ্য বিক্রয়
ii. পণ্যের কৃত্রিম অভাব সৃষ্টি
iii. জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর পণ্য বিক্রয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৪. সমাজের প্রতি ব্যবসায়ের দায়বদ্ধতা কোনটি?**
K সরকারকে নিয়মিত কর ও রাজস্ব দেওয়া
L জাতীয় দুর্যোগে জনগণের পাশে দাঁড়ানো
M পণ্যসামগ্রী প্রাপ্তি সহজ করা
N উপযুক্ত কাজের পরিবেশ তৈরি করা

**২৫. কৃত্রিম সংকট সৃষ্টি না করা কিসের অন্তর্ভুক্ত?**
K সামাজিক আইন L ব্যবসায় নীতি
M ব্যবসায় নৈতিকতা N ব্যবসায়িক আইন

**উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব ফাহিম কিশোরগঞ্জের জনবহুল এলাকা আগরপুরে "তাসনিম হাইড এন্ড স্কিন" নামে একটি চামড়াজাত দ্রব্য তৈরির কারখানা স্থাপন করেন। এ কারখানায় বর্জ্য নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা না থাকায় সেগুলো জলাশয়ে গিয়ে পড়ে। তবে কারখানার কাছেই তিনি শ্রমিকদের থাকার ব্যবস্থা করেন এবং নিয়মিত কর দেন।

**২৬. নিয়মিত কর দেওয়ার মাধ্যমে ফাহিম কোন পক্ষের প্রতি দায়িত্ব পালন করেন?**
K সমাজ L রাষ্ট্র
M ক্রেতা N শ্রমিক

**২৭. 'তাসনিম হাইড এন্ড স্কিন' শিল্পটি স্থাপনের ফলে—**
i. দেশের জনগণের জীবনযাত্রার মান বাড়বে
ii. এলাকার কৃষিজমির ওপর বিরূপ প্রভাব পড়বে
iii. এলাকার জলজ প্রাণির বিলুপ্তি ঘটবে
**নিচের কোনটি সঠিক ?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৮. সুন্দর ব্যবসায় পরিবেশ সৃষ্টিতে কোনটি করণীয়?**
K পাহাড় ফেটে ফেলা
L ব্যাপকহারে বৃক্ষ রোপন
M বিলাসবহুল গাড়ি ব্যবহার
N শিল্প বর্জ্য নিষ্কাশণ করা

**২৯. পরিবেশ দূষণের কারণে কোনটি মারাত্মক হুমকির সম্মুখীন?**
K স্বাস্থ্য L জীবন-জীবিকা
M আবাসন সংকট N জীব-বৈচিত্র্য

**৩০. শফিক গাজী পণ্যের খরচের সাথে যৌক্তিক মুনাফা যোগ করে বিক্রয়মূল্য নির্ধারণ করেন। তিনি কোনটি অনুসরণ করেন?**
K মূল্যবোধ L নৈতিকতা
M পারিবারিক শিক্ষা N সরকারি আইন

## সৃজনশীল রচনামূলক প্রশ্ন

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট; মান-৭০

**১.▶** জনাব হাসিবের রূপগঞ্জ বাজারে একটি চালের আড়ত আছে। তিনি ন্যায্যমূল্যে ও সঠিক ওজনে ভালোমানের চাল বিক্রি করেন। পক্ষান্তরে জনাব রহিম রূপগঞ্জ বাজারের অন্য একজন ব্যবসায়ী। তিনি বেশি লাভের আশায় চালের সাথে সাদা পাথরের কণা মিশিয়ে ক্রেতাদের কাছে চাল বিক্রি করেন। কয়েক দিন ব্যবসায়টি ভালো চললেও পরবর্তীতে তার বিক্রয়ের পরিমাণ কমতে থাকে।

ক. মূল্যবোধ কী? ১
খ. ব্যবসায় নৈতিকতা বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে বর্ণিত জনাব হাসিব সমাজের কোন পক্ষের প্রতি দায়িত্ব পালন করছেন? বর্ণনা করো। ৩
ঘ. নৈতিকতার মানদণ্ডে জনাব রহিমের কার্যক্রমটি মূল্যায়ন করো। ৪

**২.▶** জনাব মাসুদ একজন ফল ব্যবসায়ী। তিনি অত্যন্ত সততার সাথে ব্যবসায় করেন। ফলে তিনি কোনো ফরমালিন ও ক্ষতিকর রাসায়নিক পদার্থ ব্যবহার করেন না। তিনি ধারে পণ্য কিনলে বা কারো কাছ থেকে ঋণ নিলে সময়মতো ফেরত দেন। সামাজিক কার্যক্রমের জন্যও এক নামে তিনি সকলের কাছে সুপরিচিত।

ক. ব্যবসায় কোন ধরনের প্রতিষ্ঠান? ১
খ. ব্যবসায়িক মূল্যবোধ বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. জনাব মাসুদের ব্যবসায় পরিচালনায় কোন বিশেষ দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'সামাজিক দায়বদ্ধতা থেকেই জনাব মাসুদের মতো ব্যবসায়ীরা সমাজকল্যাণমূলক কার্যক্রমে আত্মনিয়োগ করে'— উক্তিটি বিশ্লেষণ করো। ৪

**৩.▶** জনাব কিবরিয়া একজন ফল ব্যবসায়ী। তিনি ক্রেতাদের আড়ালে আঙ্গুর পরিমাপ করে ছোট ছোট প্যাকেট করে রেখে দেন। যখন ক্রেতা এসে আঙ্গুর পরিমাপ করতে বলেন তখন তিনি ক্রেতার চোখ ফাঁকি দিয়ে পরিমাণে কম যেই প্যাকেট সেগুলো বিক্রি করেন। এভাবে তিনি কম আঙ্গুর বিক্রি করে বেশি অর্থ আয়ের পথ বেছে নিয়েছেন।

ক. মানব আচরণের মানদণ্ড কোনটি? ১
খ. ব্যবসায়কে সামাজিক প্রতিষ্ঠান বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২
গ. জনাব কিবরিয়া ব্যবসায়ের কোন পক্ষের প্রতি দায়িত্ব পালন করেননি? ব্যাখ্যা করো। ৩
ঘ. বেশি আয়ের যে পথ জনাব কিবরিয়া বেছে নিয়েছেন তা কি সঠিক? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৪.▶** দীর্ঘদিন সুনামের সাথে ব্যবসায় করছে মুনিম বেকারির মালিক রানা রিয়াজ। তিনি উন্নতমানের পণ্য উৎপাদন করে অপেক্ষাকৃত কম দামে জনসাধারণের কাছে বিক্রয় করেন। তার ব্যবসায়ের অর্জিত মুনাফার কিছু অংশ গরিব দুঃখী অসহায় মানুষকে চিকিৎসার জন্য দান করেন। সরকারকে নিয়মিত কর দেওয়ার মাধ্যমে নাগরিক দায়িত্ব পালন করেন।

ক. নৈতিকতা শব্দটি কোন শব্দ থেকে উদ্ভব হয়েছে? ১
খ. শ্রমিক-কর্মচারীদের প্রতি একজন ব্যবসায়ীর দায়িত্বগুলো কী কী? ২
গ. রানা রিয়াজের কার্যক্রমে ব্যবসায়ের নৈতিকতা কীভাবে প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. নৈতিকতা রানা রিয়াজের দীর্ঘদিন সুনামের সাথে ব্যবসায় টিকে থাকার অন্যতম নিয়ামক— উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

**৫.▶** খোলাহাটী বাজারে জনাব মাশরাফি অনেক দিন ধরে সততার সাথে ব্যবসায় চালিয়ে আসছেন। তিনি সবসময় ক্রেতাদের মানসম্মত পণ্য সরবরাহ করেন। পাশের ব্যবসায়ী জনাব সাকিব মুনাফাকে বড় করে দেখেন। পণ্যের গুণাগুণ অনুযায়ী মূল্য বিবেচনা করেন না। বেশি মুনাফার আশায় তিনি নকল পণ্য সরবরাহ করেন। তাই ক্রেতারা তাকে এড়িয়ে চলেন। বর্তমানে তার ব্যবসায়ের অবস্থা ভালো নয়।

ক. ইথস শব্দের অর্থ কী? ১
খ. মূল্যবোধ বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২
গ. জনাব মাশরাফির কাজের মাধ্যমে কোন দায়বদ্ধতা ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব সাকিবের ব্যবসায়ে ব্যর্থতার কারণগুলো বিশ্লেষণ করো। ৪

**৬.▶** মি. অজয় নাথ একজন মাছ বিক্রেতা। ফরমালিন মিশিয়ে মাছ বিক্রির দায়ে তাকে ৫০,০০০ টাকা জরিমানা করা হয় এবং এক মাসের জন্য তার দোকান বন্ধ করে দেওয়া হয়। মি. অজয় নাথের এ অবস্থা দেখে অন্য বিক্রেতারা সতর্ক হয়ে যায়। এতে ক্রেতারা নিশ্চিন্তে ঐ বাজারে পণ্য ক্রয় করতে পারে এবং ঐ বাজারে ক্রয়-বিক্রয় বাড়ে।

ক. কর্মসংস্থান সৃষ্টি ব্যবসায়ের কোন ধরনের দায়িত্ব? ১
খ. মূল্যবোধের স্বরূপ ব্যাখ্যা করো। ২
গ. মি. অজয় নাথের দোকান বন্ধ হওয়ার পেছনে কোনটি বিশেষভাবে দায়ী তা বর্ণনা করো। ৩
ঘ. ঐ বাজারে নেওয়া পদক্ষেপ কীভাবে মানুষের জীবনযাত্রার মান উন্নয়নে সহায়তা করবে? তোমার মতামত দাও। ৪

**৭.▶** জনাব কাশেম একজন উৎপাদনকারী। তিনি দেশের বিভিন্ন অঞ্চল থেকে ধান সংগ্রহ করে নিজস্ব মিলে প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে চালে রূপান্তর করে বাজারে বিক্রয় করেন। সম্প্রতি বাজারে চালের মূল্য বাড়লেও তিনি তার উৎপাদিত চাল আগের মতোই সরবরাহ করেন। তিনি সম্প্রতি সুনামগঞ্জে বন্যাকবলিত মানুষের জন্য ত্রাণ ও বস্ত্র সরবরাহ করেন।

ক. মুনাফা কী? ১
খ. পণ্যের মজুতদারি বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. জনাব কাশেমের নেওয়া পদক্ষেপে কোন ধরনের দায়বদ্ধতার বহিঃপ্রকাশ ঘটেছে? বর্ণনা করো। ৩
ঘ. 'উদ্দীপকের জনাব কাশেমের নেওয়া পদক্ষেপ মানুষের জীবনযাত্রার মান উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে?' বিশ্লেষণ করো। ৪

**৮.▶** মধুপুর গ্রামে বন্যার কারণে রাস্তাঘাট ভেঙ্গে গেছে। মাঠের ফসল পানির নিচে। সেখানকার মানুষ এখনো পানিবন্দি। 'ক' প্রতিষ্ঠানটি তাদের পাশে দাঁড়িয়েছে এবং বিভিন্নভাবে তাদের সাহায্য ও সহযোগিতা করছে এবং বন্যা পরবর্তী পুনর্বাসনেও তাদের পাশে দাঁড়ানোর প্রতিশ্রুতি দেয়।

ক. সামাজিক দায়বদ্ধতা কী? ১
খ. পরিবেশ সংরক্ষণে ব্যবসায়ের দায়িত্ব ব্যাখ্যা করো। ২
গ. 'ক' প্রতিষ্ঠানটি কোন ধরনের কাজ করছে এবং কেন ব্যাখ্যা করো। ৩
ঘ. বন্যা পরবর্তী পুনর্বাসনে 'ক' প্রতিষ্ঠানটির ভূমিকা কী হবে বলে তুমি মনে করো? এর সপক্ষে যুক্তি দাও। ৪

**৯.▶** জনাব আলী গাজীপুরের গজারি বন এলাকায় গাছপালা কেটে ৫০০ একর জমির উপর 'নাঈম ফার্মা' নামে ঔষধ শিল্প স্থাপনের সিদ্ধান্ত নিলেন। পরবর্তীতে পরিবেশবাদী বন্ধুর পরামর্শে পাশের জায়গায় প্রতিষ্ঠানটি স্থাপন করেন। তার প্রতিষ্ঠানে উৎপাদিত ঔষধ দেশের চাহিদা পূরণ করে বিদেশেও রপ্তানি হয়। প্রতিষ্ঠানটিতে বিভিন্ন পদে ২,০০০ লোক কর্মরত আছে।

ক. কলকারখানার নির্গত কালো ধোঁয়া কী দূষণ করে? ১
খ. ব্যবসায়ের নৈতিকতা বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. 'নাঈম ফার্মা' প্রতিষ্ঠানটি জীবনযাত্রার মানোন্নয়নে কীভাবে সহায়তা করছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. কারখানা স্থাপনের জন্য জনাব আলীর প্রথম সিদ্ধান্তটি মূল্যায়ন করো। ৪

**১০.▶** রহমত চৌধুরী একজন চাল ব্যবসায়ী। চট্টগ্রামের খাতুনগঞ্জে তার দোকান। তিনি সৎভাবে ব্যবসায় করার চেষ্টা করেন। অনেক পাইকারি বিক্রেতা তাকে মাপে কম চালের বস্তা কম দামে দিতে চান। কিন্তু ৫০ কেজি ওজনের চালের বস্তা তিনি যাচাই করে ক্রয় করেন এবং পরবর্তীতে ভোক্তাদের কাছে বিক্রি করেন।

ক. নৈতিকতা কী? ১
খ. ব্যবসায়ে জনহিতকর কাজ বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২
গ. রহমত চৌধুরীর ব্যবসায় পরিচালনায় ব্যবসায়ের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. যারা ওজনে কম মাপের চালের বস্তা বিক্রি করতে চায় তাদের কাছ থেকে চাল না কেনা বা তাদের প্রস্তাব ফিরিয়ে দেওয়া রহমত চৌধুরীর জন্য কতটা যৌক্তিক বলে তুমি মনে করো? ৪

**১১.▶** জনাম শামীম ঢাকায় জনবহুল এলাকায় একটি চামড়াজাত দ্রব্য তৈরির কারখানা স্থাপন করেন। এ কারখানার বর্জ্য নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা না থাকায় সেগুলো বর্তমানে কাছের একটি জলাশয়ে গিয়ে পড়ছে। অথচ তিনি নিয়মিত আয়কর দেন।

ক. খাদ্য সংরক্ষণ কী? ১
খ. শিল্প কারখানা কীভাবে পরিবেশ দূষণ করে? ব্যাখ্যা করো। ২
গ. জনাব শামীমের চামড়া শিল্পটি কীভাবে পরিবেশকে দূষিত করছে? বর্ণনা করো। ৩
ঘ. 'জনাব শামীমের মতো ব্যবসায়ীরা রাষ্ট্রের প্রতি দায়িত্ব পালন করেন'— বিশ্লেষণ করো। ৪

**উত্তরমালা: নিজেকে যাচাই করি**

## সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | K | ৩ | N | ৪ | K | ৫ | L | ৬ | M | ৭ | K | ৮ | K | ৯ | N | ১০ | L | ১১ | L | ১২ | N | ১৩ | L | ১৪ | L | ১৫ | K |
| ১৬ | M | ১৭ | M | ১৮ | M | ১৯ | K | ২০ | N | ২১ | K | ২২ | K | ২৩ | M | ২৪ | L | ২৫ | M | ২৬ | L | ২৭ | M | ২৮ | N | ২৯ | N | ৩০ | L |